



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী

ওয়েব: www.rgcc.ac.bd, ই-মেইল: prin2388@yahoo.com, EIIN : 126489

ফোন : ০২৫৮৮৮৫০৩৮৮ (অধ্যক্ষ), ০২৪৭-৮১০১২৮ (অফিস) ফ্যাক্স : ০৭২১-৮১২৬৩২



২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ২য় ধাপে আবেদনের ভর্তির সময় পুনর্নির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছুক ছাত্র/ছাত্রীদের জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর **২য় ধাপে আবেদনে** ভর্তির বিজ্ঞপ্তি মোতাবেক অত্র কলেজের একাদশ শ্রেণিতে বিজ্ঞান, মানবিক, ব্যবসায় শিক্ষা গ্রুপে ভর্তি করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক, অপারেটরসহ সকলকে অবশ্যই ভর্তির নীতিমালা অনুসরণ পূর্বক অনলাইনে ভর্তির আবেদন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

আসন সংখ্যা ও ভর্তির ন্যূনতম যোগ্যতা

ক্রমিক নং	গ্রুপ	মোট আসন সংখ্যা	ভর্তির ন্যূনতম GPA
০১	বিজ্ঞান	৬০০	৫.০০
০২	মানবিক	৩০০	৩.৫০
০৩	ব্যবসায় শিক্ষা	৩০০	৩.৫০

ভর্তির জন্য এক জন প্রার্থী নিম্নরূপ শাখা নির্বাচন করতে পারবে:-

- ক) বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন ১টি
- খ) মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন ১টি
- গ) ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন ১টি

ভর্তির আবেদন, ফল প্রকাশ ও ভর্তিঃ

১। অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েব সাইটের ঠিকানা- www.xiclassadmission.gov.bd

২। বোর্ড www.xiclassadmission.gov.bd অথবা কলেজ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নোটিশসমূহ, নোটিশ বোর্ড ও কলেজের ওয়েবসাইট (rgcc.ac.bd) দেখার জন্য বলা হলো।

“একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৬ (খসড়া)” এর নীতি ৬.০ অনুযায়ী ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু সংক্রান্ত সিডিউল :

ক্রমিক	বিষয়	তারিখ
০১	২য় ধাপে ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ	২৭.০৯.২০২৬ (রবিবার) থেকে ০১.১০.২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০ পর্যন্ত)
০২	২য় ধাপে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	০৫.১০.২০২৬ (সোমবার রাত ৮:০০ পর্যন্ত)
০৩	শিক্ষার্থীদের নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে)	নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ০৮.১০.২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০ পর্যন্ত)
০৪	পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ	০৯.১০.২০২৬ (শুক্রবার রাত ৮:০০ পর্যন্ত)
০৬	ভর্তি	১১.১০.২০২৬ (রবিবার) থেকে ১৩.১০.২০২৬ (মঙ্গলবার)

প্রতি স্বাক্ষর

(Signature)

প্রফেসর ড. মোঃ ইলিয়াছ উদ্দিন-৪৩৩৭

অধ্যক্ষ

রাজশাহী সরকারি সিটি কলেজ

রাজশাহী

(Signature)

(Signature)

মোহা: জাহাঙ্গীর আলম-০১৩৪৫৭

আহ্বায়ক

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণি ভর্তি কমিটি
রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী।



বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

সংশোধিত পত্র

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৬৩৩

তারিখ: ২৮/০৯/২০২৬

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online এর মাধ্যমে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে ২য় ধাপে আবেদনের সিডিউল পুনর্নির্ধারণ প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি এর পত্র নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৬২৮, তারিখ: ২১/০৯/২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে বিপুল সংখ্যক শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন বাতিল না করা এবং ভর্তি না হওয়ায় সৃষ্ট জটিলতা নিরসনে ২য় ধাপের ভর্তি প্রক্রিয়া নিম্নে বর্ণিত ছক অনুসারে পুনর্নির্ধারণ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলকে নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট: (<https://xiclassadmission.gov.bd>) তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ০৫(পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০(দশ) টি কলেজে আবেদন করতে হবে।

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে online এর মাধ্যমে ২য় ধাপে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে:

- ১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করেও কলেজ সিলেকশন পায়নি;
- ২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে নিশ্চায়ন করতে পারেনি কিংবা কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে পারেনি;
- ৩। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু ভুল কোটা নির্ধারণ করায় কলেজে ভর্তি হতে পারেনি।

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে online এর মাধ্যমে ২য় ধাপে ভর্তির আবেদন, ফল প্রকাশ ও ভর্তি সংক্রান্ত সিডিউল:

ক্রমিক	বিষয়	তারিখ
১	২য় ধাপে ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ	২৭/০৯/২০২৬ (রবিবার) থেকে ০১/১০/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০টা পর্যন্ত)
২	২য় ধাপে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	০৫/১০/২০২৬ (সোমবার রাত ৮:০০ টা)
৩	শিক্ষার্থীদের নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে)	নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ০৮/১০/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০ টা পর্যন্ত)
৪	পছন্দক্রম অনুযায়ী শুধুমাত্র ২য় ধাপে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশনের ফল প্রকাশ	০৯/১০/২০২৬ (শুক্রবার রাত ৮:০০ টা)
৫	ভর্তি	১১/১০/২০২৬ (রবিবার) থেকে ১৩/১০/২০২৬ (মঙ্গলবার)

বিঃ দ্রঃ উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী ১ম ধাপে আবেদন করেও কলেজ সিলেকশন পায়নি ২য় ধাপে আবেদনের ক্ষেত্রে শুধুমাত্র তাদের অনলাইন আবেদন ফি (২২০/-) জমা দিতে হবে না। এ ধরনের শিক্ষার্থীদের ভর্তি ওয়েবসাইটে লগইন করে কলেজ সিলেকশন/এডিট সম্পন্ন করতে হবে। ২য় ধাপে আবেদনের সময় কোটা নির্ধারণের ক্ষেত্রে কোটার যোগ্যতা বুঝে আবেদন করা এবং ফল প্রকাশের পর নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন ফি জমা দেয়া এবং সিলেকশনপ্রাপ্ত কলেজে ভর্তির সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অনুরোধ করা যাচ্ছে।


 প্রফেসর সৈয়দ আব্দুল আজ্জামান
 সভাপতি
 বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
 ও
 চেয়ারম্যান
 মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।